দর্শনায় অনির্বাণ থিয়েটারের মোমবাতি প্রজ্জলন

দর্শনা অনির্বাণ থিয়েটার এর উদ্যাগে মোমবাতি প্রজ্জলনের মাধ্যমে কাল রাত্রী উদযাপন করা হয়েছে।

বুধবার সন্ধ্যায় দর্শনা কলেজ চত্বরে কেন্দ্রীয় শহিদ মিনারে প্রয়াত শহিদদের প্রতি শ্রোদ্ধা নিবেদন করে ১ মিনিট নীরবতা পালন, মোমবাতি প্রজ্জলন ও দেশের গানের সাথে ২৫ মার্চ পাক-হানাদার বাহিনির নির্মম গণহত্যায় নিহত শহিদদের স্বরণ করা হয়। এ সময় শহিদদের স্বরণ করে বক্তব্য রাখেন দর্শনা অনির্বান থিয়েটারের সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন।

এ সময় উপস্থিত ছিলেন অনির্বাণ অর্থ সম্পাদক কবিরুল হক লিপু, নির্বাহী সদস্য আওয়াল হোসেন, মোস্তাক আহম্মেদ মনা, সাজ্জাদ হোসেন, মাহবুবুর রহমান মুকুল, প্রভাষক মিল্টন কুমার সাহ, স্বপ্না খাতুন, আজাদুল ইসলাম মিলন। এ ছাড়া আরো উপস্থিতি ছিলেন ববি,সাকিল,মেহেদী, খায়রুল ইসলাম, কাওছার আলী, প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন সাজ্জাদ হোসেন।

দামুড়হুদায় শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে মোমবাতি প্রজ্বলন ও আলোচনা সভা

দামুড়হুদায় শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে আজ বৃহস্পতিবার সন্ধ্যা ৫ টা ৪৫ মিনিটের সময় উপজেলার বঙ্গবন্ধু মোড়াল চত্বরে মোমবাতি প্রজ্বলন, আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

জাতির শ্রেষ্ঠ সন্তানদের হত্যা করে পাকিস্তানি হানাদার বাহিনী

আমাদের জাতিকে মেধা শুন্য করতে চেয়েছিলো। কিন্তু তা হায়নার দল সম্ভব করতে পারেনি। স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি স্বাধীন সোনার বাংলাদেশ গড়ে দেশ ও জাতিকে আবার পূর্ণ মেধাশক্তি জাতি হিসাবে গড়ে তুলতে শিক্ষার আলো ছড়িয়ে ছিলেন বাঙালী জাতি গঠনে। প্রতিষ্ঠা করেছিলেন স্কুল, কলেজ, মাদ্রাসা, ইউনিভার্সিটি সহ হাজার হাজার শিক্ষা প্রতিষ্ঠান। গঠন করেছিলেন ইসলামিক ফাউণ্ডেশন সহ সকল ধর্মের শিক্ষা ব্যাবস্থা।

আজকে তার কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশকে একটি সুশিক্ষিত, ডিজিটাল ও স্মার্ট বাংলাদেশ গঠনের লক্ষে একটি উন্নত ও সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ে সারা বিশ্ব বাসীর কাছে বাংলাদেশকে রোল মডেল এ পরিণত করেছে। বাংলাদেশকে উন্নতশীল রাষ্ট্রের কাতারে নাম লিখিয়েছেন। শহীদ বুদ্ধিজীবী দিবসে দেশের শ্রেষ্ঠ সন্তানদের হারানোর বেদনাময় স্মৃতি নিয়েই প্রতিবছর উপনীত হয় ১৪ ডিসেম্বর। গভীর শ্রদ্ধায় এই দিনটিতে স্মরণ করেন জাতির সেই শ্রেষ্ঠ সন্তানদের। যারা তাদের বর্তমানকে চিরতরে উৎসর্গ করে গিয়েছেন এদেশের ভবিষ্যৎ ও মহান স্বাধীনতার জন্য।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির, দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার, ওসি অপারেশন শফিউল আলম, উপজেলা পাট অফিসার রিয়াজুল ইসলামসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ, সুধিবৃন্দ উপস্থিত ছিলেন।

দোয়ার অনুষ্ঠান পরিচালনা করেন দামুড়হুদা মডেল মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা মুফতী মামুনুর রশীদ। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ।